জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)
জনপ্রশাসন মন্ত্রণালয়
নীলক্ষেত, ঢাকা-১২০৫।
www.napd.gov.bd

# গবেষণা প্রস্তাব আহ্বান (সংশোধিত)

২০২৬-২৭ অর্থ বছরে একাডেমির রাজস্ব খাতের আওতায় নিম্নোক্ত অধিক্ষেত্রসমূহে গবেষণা প্রস্তাব আহ্বান করা যাচ্ছে:

A) Development Planning in Bangladesh (with a focus on Employment Generation, Inflation, Youth Development, Poverty and inequality, Social Protection, Health, Food Security, Gender, Climate Change & Environment, Demographic dividend, Population Ageing, Contemporary Development Issues)

B) Project Management, Public Procurement Management, Supply Chain Management etc.

C) Institutional Reform, ICT, 4IR & 5IR, Green Technology, Energy Security, Artificial Intelligence (AI), Digital Governance, Digital Transformation in Service Delivery etc.

প্রতিটি গবেষণা প্রস্তাবের পরিধি (scope) বিবেচনা করে বাজেট হবে সর্বোচ্চ ৬.৫ লক্ষ টাকা (ভ্যাট ও আয়করসহ)। তন্মধ্যে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা গবেষণা সংশ্লিষ্ট সেমিনার ও মূল্যায়ন বাবদ বরাদ্দ থাকবে। এনএপিডি'র অনুষদ সদস্যবৃন্দও উন্মুক্ত প্রতিযোগিতার মাধ্যমে গবেষণা প্রস্তাবনা দাখিল করতে পারবেন। গবেষণা প্রস্তাব আগামী ২৮ জুন ২০২৬ তারিখের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণ করতে হবে। এ সংক্রান্ত টার্মস অব রেফারেন্স (ToR) একাডেমির অফিসিয়াল ওয়েবসাইটে (www.napd.gov.bd) পাওয়া যাবে। গবেষণা সংক্রান্ত লিংক অথবা যেকোনো তথ্যের জন্য জনাব মোছা: আবেদা সুলতানা, উপপরিচালক (গবেষণা ও প্রকাশনা) (ই-মেইল: abedasultana_sk@gmail.com, মোবাইল: ০১৮১৬-২০৭২০১)-এর সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো। গবেষণা প্রস্তাবের সফটকপি (word file & pdf) email: dir.research@napd.gov.bd এই ই-মেইলে এবং হার্ডকপি প্রেরণ করতে হবে।

(ড. প্রকৌ: মো: আব্দুর রশিদ)
পরিচালক (গবেষণা ও প্রকাশনা), এনএপিডি
ফোন: ৫৮৬১১২৫৯
ই-মেইল: dir.research@napd.gov.bd;

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি)

৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫

গবেষণা কার্যক্রম পরিচালনা: ২০২৬-২৭

টার্মস অব রেফারেন্স (ToR)

১.১ ভূমিকা

জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি (এনএপিডি) জনপ্রশাসন মন্ত্রণালয়ের আওতাধীন পরিকল্পনা ও উন্নয়ন কর্মকাণ্ডের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাদের পেশাগত দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে একটি জাতীয় প্রশিক্ষণ, গবেষণা ও পরামর্শক প্রতিষ্ঠান। একাডেমির অন্যতম উদ্দেশ্য হলো উন্নয়ন পরিকল্পনা সংক্রান্ত গবেষণা ও মূল্যায়ন সমীক্ষা পরিচালনা করা। জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমির গবেষণা নীতিমালার উদ্দেশ্যসমূহের মধ্যে রয়েছে একাডেমির অনুষদ সদস্য ও বিশেষ যোগ্যতাসম্পন্ন কর্মকর্তাদের পেশাদারিত্ব উন্নয়নের লক্ষ্যে গবেষণা/প্রায়োগিক গবেষণা কার্যক্রমে অংশগ্রহণে উৎসাহিত করা। একাডেমি পরিচালিত প্রশিক্ষণ কার্যক্রমের গুণগতমান উন্নয়নে গবেষণা করা। উন্নয়ন পরিকল্পনা এবং প্রকল্প, কর্মসূচি, পরিকল্পনা বাস্তবায়ন সম্পর্কিত গবেষণার ক্ষেত্রে দক্ষতা অর্জনে কার্যক্রম পরিচালনা, দেশের সার্বিক উন্নয়নের সঙ্গে সংশিষ্ট বিভিন্ন সমস্যার উপর গবেষণা কার্যক্রম পরিচালনা, উন্নয়ন কার্যক্রমের গতিশীলতা ও স্বচ্ছতা আনয়নের লক্ষ্যে মূল্যায়ন ও পরিবীক্ষণ কার্যক্রমে নতুন উদ্ভাবনী প্রক্রিয়া সৃষ্টি। দেশীয়/আন্তর্জাতিক সংস্থার অনুরোধে/বোর্ড অব গভর্নরস্/মন্ত্রণালয়ের নির্দেশনায় যে কোন বিষয়ে গবেষণা পরিচালনা।

১.২ একাডেমির ২০২৬-২৭ অর্থ বছরে নিম্নলিখিত বিষয় সমূহে গবেষণা কার্যক্রম বাস্তবায়ন করা হবে:

A) Development Planning in Bangladesh (with a focus on Employment Generation, Inflation, Youth Development, Poverty and inequality, Social Protection, Health, Food Security, Gender, Climate Change & Environment, Demographic dividend, Population Ageing, Contemporary Development Issues)

B) Project Management, Public Procurement Management, Supply Chain Management etc.

C) Institutional Reform, ICT, 4IR & 5IR, Green Technology, Energy Security, Artificial Intelligence (AI), Digital Governance, Digital Transformation in Service Delivery etc.

D) Training Management, Training Needs Assessment, NAPD Post Training Utilization, Effectiveness study of NAPD Training Course;

১.৩ গবেষণা প্রস্তাবের গঠন

একটি গবেষণা প্রস্তাবে প্রধানত নিম্নলিখিত বিষয় অন্তর্ভূক্ত থাকবে:

(ক) শিরোনাম (Title);

(খ) ভূমিকা (Introduction);

(গ) সমস্যার বিবৃতি (Statement of the problem);

(ঘ) গবেষণার যৌক্তিকতা (Rationale of the study);

(ঙ) সাহিত্য পর্যালোচনা (Literature Review);

(চ) গবেষণা প্রশ্নাবলী (Research Questions);

(ছ) গবেষণার উদ্দেশ্য (Objectives of the study);

(জ) গবেষণার পরিধি (Scope of the study);

(ঝ) গবেষণা পদ্ধতি (Research Methodology);

(ঞ) নৈতিক বিবেচনা (Ehical Consideration);

(ট) কর্ম পরিকল্পনা/সময়সীমা (Work Plan/Timeline);

(ঠ) বাজেট (Budget);

(ড) রেফারেন্স (Referance-APA,Harvard Style);

(ঢ) গবেষক/গবেষকদের জীবন বৃত্তান্ত (Curriculum vitae of the Researcher(s))

১.৪ গবেষণা প্রস্তাবের সাথে টিম লিডার এই মর্মে লিখিত অঙ্গীকারনামা প্রদান করবেন যে, এই গবেষণা প্রস্তাবটি অন্য কোনো প্রতিষ্ঠানে জমা প্রদান করেন নাই এবং অন্য কোনো প্রতিষ্ঠান হতে অনুরূপ গবেষণা করে অর্থ উত্তোলন করেননি। যদি গবেষণা প্রস্তাবের সাথে লিখিত অঙ্গীকারনামা প্রদান করা না হয়, তাহলে গবেষণা প্রস্তাবটি প্রাথমিক মূল্যায়নের জন্য বিবেচিত হবে না।

২.০ গবেষণা কার্যক্রমের ব্যবস্থাপনা

২.১ গবেষণা কার্যক্রমের মেয়াদ

গবেষণা কার্যক্রমের মেয়াদ সাধারণভাবে অর্থবছরের (জুলাই-জুন) মধ্যে সীমিত থাকবে। গবেষণা পরিচালনার সময়সূচি ও তারিখ নির্ধারণ বিষয়ে নিম্নলিখিত সময়সূচি ও তারিখ অনুযায়ী পরিচালিত হবে এবং তা প্রতিপালনের জন্য গবেষকদল সচেষ্ট থাকবেন:

| বিষয় | সময় |
|---|---|
| ক. পত্রিকা/Website/বিভিন্ন প্রতিষ্ঠানে বিজ্ঞপ্তি প্রকাশ | ২৪ মে ২০২৬ |
| খ. গবেষণা প্রস্তাব (হার্ডকপি-৫ কপি ও সফটকপি-dir.research@napd.gov.bd) জমাদানের শেষ দিন | ২৮ জুন ২০২৬ |

| | |
|---|---|
| গ. গবেষণা কার্যক্রম সম্পাদন সংক্রান্ত চুক্তি স্বাক্ষর | ২৯ জুলাই ২০২৬ |
| ঘ. প্রারম্ভিক প্রতিবেদন প্রদান (৫ কপি) ও উপস্থাপন | ১৯ আগস্ট ২০২৬ |
| ঘ. খসড়া প্রতিবেদন প্রদান (৫ কপি) ও ওয়ার্কশপে উপস্থাপন | ২৭ ডিসেম্বর ২০২৬ |
| ঙ. চূড়ান্ত প্রতিবেদন প্রদান (১০ কপি) ও ওয়ার্কশপে উপস্থাপন | ১৮ মার্চ ২০২৭ |
| চ. গবেষণা সংক্রান্ত সকল বিল ভাউচার (টিম লিডার স্বাক্ষরিত) হিসাব শাখায় প্রেরণ | ৩১ মার্চ ২০২৭ |

তবে এনএপিডি কর্তৃপক্ষ প্রয়োজনবোধে এই সময়সীমা হ্রাস/বৃদ্ধি করতে পারবেন।

### ২.২ গবেষণা কার্যক্রম আরম্ভ

গবেষণা প্রস্তাব অনুমোদনের পর পরিচালক (গবেষণা ও প্রকাশনা) প্রতিটি অনুমোদিত গবেষণা প্রস্তাবের অনুকূলে চুক্তি স্বাক্ষর করবেন এবং একই সময়ে প্রতিটি গবেষণা প্রস্তাবের অনুকূলে পরিচালক (প্রশাসন ও অর্থ) প্রথম কিস্তির অর্থ অগ্রিম হিসাবে প্রদানের ব্যবস্থা গ্রহণ করবেন। চুক্তি স্বাক্ষরের তারিখ থেকে গবেষণা কার্যক্রম শুরু হয়েছে মর্মে গণ্য হবে।

### ২.৩ ওয়ার্কশপে খসড়া প্রতিবেদন উপস্থাপন

প্রতিটি গবেষণার খসড়া প্রতিবেদন একাডেমির গবেষণা ওয়ার্কশপে উপস্থাপন করা হবে। গবেষণা কমিটিতে উপস্থাপনের জন্য সংশিষ্ট গবেষক খসড়া গবেষণা প্রতিবেদনের ৫ (পাঁচ) কপি গবেষণা কমিটির সভাপতির নিকট দাখিল করবেন। চূড়ান্ত গবেষণা প্রতিবেদন ডকুমেন্টশন শাখায় সংরক্ষণ করা হবে।

### ২.৪ গবেষণার প্রতিবেদন অনুমোদন

প্রতিটি গবেষণার প্রতিবেদন গবেষণা কমিটির সংশ্লিষ্ট মূল্যায়নকারীগণের মতামত অনুসারে অনুমোদিত হবে।

### ২.৫ গবেষণা প্রতিবেদনের স্বত্ব

একাডেমি পরিচালিত সকল গবেষণা প্রতিবেদনের স্বত্ব একাডেমির নিকট ন্যস্ত থাকবে। তবে গবেষক একাডেমির অনুমতি সাপেক্ষে তা একাডেমির জার্নালে বা একাডেমির বাইরে অন্য কোন স্বীকৃত জার্নালে প্রকাশের ব্যবস্থা করতে পারবেন।

### ২.৬ গবেষণা তথ্য প্রচার

গবেষণা তথ্যের যথাযথ প্রয়োগ নিশ্চিত করণে গবেষণালব্ধ তথ্য বিভিন্ন মাধ্যমে প্রচার করা হবে। যেমন: সেমিনার ও ওয়ার্কশপ, প্রাতিষ্ঠানিক যোগাযোগ, প্রশিক্ষণ, ওয়েব সাইটে প্রদান ইত্যাদি।

২.৭ ওয়ার্কশপে চূড়ান্ত প্রতিবেদন উপস্থাপন

প্রতিটি গবেষণার চূড়ান্ত প্রতিবেদন একাডেমির গবেষণা ওয়ার্কশপে উপস্থাপন করা হবে। গবেষণা কমিটিতে উপস্থাপনের জন্য সংশ্লিষ্ট গবেষক চূড়ান্ত গবেষণা প্রতিবেদনের বাইন্ডিং ১০ (দশ) কপি গবেষণা কমিটির সভাপতির নিকট দাখিল করবেন। চূড়ান্ত গবেষণা প্রতিবেদন ডকুমেন্টশন শাখায় সংরক্ষণ করা হবে।

৩.০ গবেষণা পরিচালনার যোগ্যতা, গবেষণা প্রস্তাব মূল্যায়ন প্রক্রিয়া ও অন্যান্য শর্তাবলি

৩.১ গবেষণা কর্মে যোগ্যতা ও অভিজ্ঞতা সম্পন্ন যে কোন প্রতিষ্ঠান বা ব্যক্তি গবেষণা পরিচালনা করতে পারবেন।

৩.২ কোন গবেষণায় একাধিক গবেষক জড়িত থাকলে গবেষণা দলের সকল সদস্যকে সমভাবে ঐ গবেষণার দায়-দায়িত্ব বহন করতে হবে। গবেষণা প্রস্তাব অনুমোদন হবার পর যদি গবেষণা পরিচালক/গবেষক অবসরে যান তবে তিনি গবেষণা শেষ করতে পারবেন অথবা তার স্থলে একাডেমি আরেকজনকে প্রতিস্থাপন করতে পারবেন। গবেষণা শেষে গবেষণা সংক্রান্ত খরচের বিল ভাউচার কর্তৃপক্ষের অনুমোদনের জন্য উপস্থাপন ও সমন্বয় করতে হবে।

৩.৩ এ গবেষণায় একাডেমির ন্যূনতম ০১ (এক) জন অনুষদ সদস্যকে গবেষক হিসেবে অন্তর্ভুক্ত করতে হবে। একাডেমি কর্তৃপক্ষ অনুষদ সদস্য নির্ধারণ করবেন।

৩.৪ নিম্নলিখিত বিষয়ের উপর ভিত্তি করে নম্বর প্রদানের মাধ্যমে গবেষণা প্রস্তাব মূল্যায়িত হবে:

| Evaluation Criteria | Sub-section of the criterion | Marks |
|---|---|---|
| Relevancy of the Study as per Advertisement | Relevance to the Thematic Area | 5 |
| | Appropriateness of the Title | 5 |
| Contents of the Study | Introduction, Problem of the study & Rationale of the study | 10 |
| | Research Objectives | 5 |
| | Scope of the study | 5 |
| | Literature review | 15 |
| | Methodology | 20 |
| | Reference | 5 |
| Education and Experience of team Leader | Educational Qualifications | 20 |
| | Professional Experience | 5 |
| Timeline & Budget | Timeline | 2 |
| | Budget | 3 |
| | | **Total=100** |

৪.০ গবেষণা কার্যক্রমের আর্থিক ব্যবস্থাপনা: তহবিলের উৎস ও ব্যবহার

৪.১ একাডেমির রাজস্ব বাজেটের গবেষণা উপ-খাতে বরাদ্দকৃত অর্থ

গবেষণা প্রস্তাবের পরিধি (scope) বিবেচনা করে বাজেট হবে সর্বোচ্চ ৬.৫ লক্ষ টাকা (ভ্যাট ও আয়করসহ)। তন্মধ্যে ৫০,০০০.০০ (পঞ্চাশ হাজার) টাকা গবেষণা সংশ্লিষ্ট ওয়ার্কশপ ও মূল্যায়ন বাবদ বরাদ্দ থাকবে।

৪.২ গবেষণা পরিচালক/গবেষকের সম্মানী

প্রতিটি অনুমোদিত গবেষণা কার্যক্রমের অনুকূলে বরাদ্দকৃত বাজেটের সর্বোচ্চ ৫০% অর্থ গবেষণা পরিচালক/গবেষক, গবেষণা সহযোগী ও সদস্যগণ সম্মানী হিসেবে প্রাপ্য হবেন।

৪.৩ গবেষণা কার্যক্রমে অর্থ প্রদান, হিসাব সংরক্ষণ ও সমন্বয়করণ

(ক) গবেষণা কার্যক্রমের প্রারম্ভিক প্রতিবেদন গৃহীত হওয়ার পর বাজেটের শতকরা ৬০ ভাগ অর্থ ১ম কিস্তি হিসেবে গবেষণা পরিচালকের/টিম লিডার এর অনুকূলে অগ্রিম হিসেবে প্রদান করা হবে। গবেষণা পরিচালক/টিম লিডার ব্যয়কৃত অর্থের বিল ভাউচার জমা দিয়ে প্রথম কিস্তিতে গৃহীত অগ্রিম সমন্বয় করবেন।

(খ) গবেষণা কার্যক্রমের চূড়ান্ত প্রতিবেদন (১০ কপি) বুক বাইন্ডিং করে জমা প্রদানের পর গবেষণা পরিচালক/টিম লিডার এর স্বাক্ষরিত চূড়ান্ত বিল ভাউচার জমা দিয়ে গবেষণার হিসাব সমন্বয় সাপেক্ষে অবশিষ্ট শতকরা ৪০ ভাগ অর্থ গ্রহণ করবেন।

৪.৪ প্রথম কিস্তির অর্থ থেকে সর্বোচ্চ মাত্র ৪০% ভাগ অর্থ গবেষণা পরিচালক/গবেষক, গবেষণা সহযোগী ও সদস্যগণ সম্মানী হিসেবে ব্যয় করতে পারবেন।

৪.৫ গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষকদের (গবেষণা পরিচালক ও গবেষণা সহযোগীদের) লিখিত সম্মতি জ্ঞাপন পত্র

(ক) গবেষণা কার্যক্রমে নিয়োজিত গবেষণা পরিচালক/গবেষক, যুগ্ম-পরিচালক/যুগ্ম-গবেষক ও গবেষণা সহযোগীগণ প্রত্যেকে একাডেমিকে এই মর্মে লিখিত সম্মতি-পত্র জ্ঞাপন করবেন যে তাঁরা নির্দিষ্ট সময়ে সংশ্লিষ্ট গবেষণার কাজ সম্পাদনে সর্বাত্মক চেষ্টা করবেন। কোন কারণে গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) একাডেমিকে ফেরত প্রদান করবেন।

(খ) কোন গবেষক গবেষণা অসম্পূর্ণ রেখে গবেষণা থেকে অব্যাহতি নিলে গৃহীত সম্মানী (যদি গ্রহণ করে থাকেন) একাডেমিকে ফেরত না দিলে প্রচলিত আইনানুযায়ী/PDR Act, ১৯১৩ অনুযায়ী তা আদায় করা যাবে।

(গ) অনুমোদিত গবেষণায় নিয়োজিত গবেষকদের পরিবর্তনের ক্ষেত্রে গবেষণা কমিটির অনুমোদন নিতে হবে। কোন কারণে গবেষণা কমিটির সভা আয়োজনে বিলম্ব হলে পরিচালক (গবেষণা ও প্রকাশনা)-এর মাধ্যমে গবেষণা কমিটির সভাপতি মহোদয়ের নিকট হতে অনুমোদন নিতে হবে।

৪.৬ গবেষণা কার্যক্রমে গৃহীত অর্থের জবাবদিহিতা

গবেষণা কমিটি কর্তৃক নির্ধারিত সময়সীমার মধ্যে কোন গবেষণা প্রতিবেদন গবেষণা কমিটি কর্তৃক অনুমোদিত হয়ে ১০ কপি জমা না দিলে কিংবা গবেষণা পরিচালক/গবেষক কর্তৃক গবেষণা পরিত্যাজ্য হলে উক্ত গবেষণা বাতিল বলে গণ্য করা হবে এবং গৃহীত সমুদয় অর্থ গবেষণা পরিচালক/গবেষক একাডেমির হিসাব শাখায় ফেরত দিতে বাধ্য থাকবেন। যদি কোন গবেষণার ব্যয়ভার মেটানোর পর অর্থ উদ্বৃত্ত থেকে যায়, তবে তা গবেষণা পরিচালক/গবেষক একাডেমিতে ফেরত প্রদান করবেন। যদি গবেষণা পরিচালক/গবেষক ও গবেষণায় নিয়োজিত অন্য কোন কর্মকর্তা ও সহকারী তাঁর/তাঁদের উপর অর্পিত দায়িত্ব পালনে অসমর্থ হন তাহলে গৃহীত অগ্রিম ফেরত দানে বাধ্য থাকবেন।

৫.০ গবেষণা প্রস্তাব গ্রহণ, বাস্তবায়ন ও বাতিল সংক্রান্ত

৫.১ গবেষণা প্রস্তাব গ্রহণ, বাস্তবায়ন ও বাতিল সংক্রান্ত সকল ধরণের বিষয়ে এনএপিডি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

21/05/26
তাপস পাল
গবেষণা কর্মকর্তা
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়
৩/এ, নীলক্ষেত, ঢাকা-১২০৫

21.05.26
মোছাঃ আবেদা সুলতানা
উপ-পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়
নীলক্ষেত, ঢাকা-১২০৫

21.05.26
ড. প্রকৌঃ মোঃ আব্দুর রশিদ
পরিচালক (গবেষণা ও প্রকাশনা)
জাতীয় পরিকল্পনা ও উন্নয়ন একাডেমি
জনপ্রশাসন মন্ত্রণালয়